# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কুরআনের প্রতি আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## খুব মিষ্টি ও মধুর সুরে বিনয়-নম্রতার সাথে কুরআন পাঠ করুন

আল্লাহর রাসুল (ﷺ) কুরআন মধুর সুরে পাঠ করতে আদেশ করতেন; বলতেনঃزَيِّنُوا الْقُرْآنَ بِأَصْوَاتِكُمْ “তোমাদের (সুমিষ্ট) শব্দ দ্বারা কুরআনকে সৌন্দর্যমণ্ডিত কর। কারণ, মধুর শব্দ কুরআনের সৌন্দর্য বৃদ্ধি করে।”[1]

“কুরআন পাঠে সবচেয়ে শ্রেষ্ঠ আওয়াজ তার, যার কুরআন পাঠ করা শুনে মনে হয়, সে আল্লাহর ভয়ে ভীত-সন্ত্রস্ত।”[2]

তিনি আরো বলেন, “সে ব্যক্তি আমার দলভুক্ত নয়, যে সুরেলা কণ্ঠে কুরআন পড়ে না।”[3]

অবশ্য গানের মত অতিরঞ্জিতভাবে টান দিয়ে কুরআন পড়া বিদআত।[4]

### ফুটনোট

[1]. বুখারী তা’লীক, আবূ দাঊদ হা/১৪৬৮, দারেমী, হাকেম

[2]. যুহ্দ, ইবনুল মুবারক, দারেমী, ত্বাবারানী, প্রমুখ, সিফাতু সালাতিন নাবী ১২৫ পৃঃ

[3]. আবূ দাঊদ হা/১৪৭১, ১৪৭৯, হাকেম

[4]. কিতাবুল আদাব ২৬পৃঃ

Source — https://www.hadithbd.com/books/link/?id=7913

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন